

প্রেস রিলিজ
২০ ডিসেম্বর ২০২৪

বাউবির পরীক্ষাসমূহ গ্রহণের পদ্ধতি এখন থেকে দেশের সকলের জন্য অনুসরণীয় মডেল: বাউবি উপাচার্য



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম আজ ২০ ডিসেম্বর ২০২৪ তারিখ শুক্রবার বিএ/বিএসএস প্রোগ্রামের পরীক্ষা ২০২২ এর সকাল ও বিকালে অনুষ্ঠিত বাগেরহাট সরকারি মহিলা কলেজ ও খানজাহান আলী ডিগ্রি কলেজ, বাগেরহাট পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময়ে উপাচার্য বলেন, এখন থেকে বাউবির পরীক্ষাসমূহ অনুষ্ঠানের পদ্ধতি, সার্বিক ব্যবস্থাপনা ও পরিবেশ হবে দেশের সকলের জন্য অনুসরণীয় মডেল। ফ্যাসিস্ট সরকারের বিগত পনের বছরে ক্রটিপূর্ণ পরীক্ষা পদ্ধতি ও অপরিকল্পিত শিক্ষা ব্যবস্থার কারণে দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থা প্রায় ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছেছিল। শিক্ষা নিয়ে তামাশার দিন শেষ। বাউবিকে এমন আদর্শিক শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে হবে। যাতে এখন থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা বাউবিকে নিয়ে গর্ব করতে পারেন। পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে উপাচার্য এসব কথা বলেন। পরীক্ষা কেন্দ্র দুটিতে পরীক্ষার হলের সার্বিক ব্যবস্থাপনা, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য উপাচার্য সন্তোষ প্রকাশ করেন এবং স্থানীয় প্রশাসনসহ পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকারী সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী দিনগুলোতে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষার যথাযথ ও সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করেন।

পরিদর্শনকালে উপাচার্যের সঙ্গে ছিলেন বাগেরহাট উপ-আঞ্চলিক কেন্দ্রের যুগ্ম-আঞ্চলিক পরিচালক জনাব মোঃ রুহুল কুদ্দুসসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ পরিচালক

তথ্য গণসংযোগ বিভাগ

বাউবি, গাজীপুর।

মোবাইল নং ০১৭১৪৫০৫৭৪৭